

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নওগাঁ
www.cooperative.naogaon.gov.bd

নম্বর: ৪৭.৬১.৬৪০০.০০০.৩২.২৭২.১৩.৪৯১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯

০১ আগস্ট ২০২২

অফিস আদেশ

সমবায় সমিতি আইন-২০০১(সংশোধন-২০০২ ও ২০১৩) এর ৪৩(১) ধারার ক্ষমতা বলে মোঃ সিরাজুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ এর বদলীজগিত কারনে তাঁর নামে বরাদ্দকৃত বিপ্নপুর চকশৈল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-১৮৯, তারিখ: ২৮/০২/২০১১, গ্রাম: চকশৈল্য বাজার, ডাক: চক শৈল্যাহ, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ এর ২০২১-২০২২ইং সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা পরিবর্তনপূর্বক সমিতির নামের পার্শ্বে উল্লেখিত অডিট অফিসারগণের নামে বরাদ্দ প্রদান করা হলো। মার্চ/২০২৩খ্রি. তারিখের মধ্যে ১০০% অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সকল দপ্তরে নিরীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।

ক্রঃ নং	সমিতির আইডি নম্বর	সমিতির নাম ও ঠিকানা	রেজিঃ নং ও তারিখ	অডিট টিম
১	৪০৩০৬০০৪৫	বিপ্নপুর চকশৈল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ, গ্রাম: চকশৈল্য বাজার, ডাক: চক শৈল্যাহ, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ।	১৮৯, ২৮/০২/২০১১	১। মোঃ জাহিদ কাদের পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী। ২। মোঃ নুরুজ্জামান পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অডিট সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পালন করতে হবেঃ

- ১। সংশ্লিষ্ট অডিট অফিসারের নামে বরাদ্দকৃতসমবায় সমিতির ৩০/০৬/২০২২ইং তারিখের স্থাবর-অস্থাবর সম্পত্তি, মজুদ মালামাল নগদ ও ব্যাংক তহবিল ইত্যাদি সরেজমিনে যাচাই করতে হবে এবং অস্বাভাবিক ঘটনা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ভাবে নিবন্ধক বরাবর বিশেষপ্রতিবেদন দাখিল করতে হবে।
- ২। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪, অডিট ম্যানুয়াল পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে অডিট সম্পাদন করে সংশ্লিষ্ট সমবায় সমিতির কার্যালয়ে, উপজেলা সমবায় কার্যালয়ে ও জেলা সমবায় কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে। সংশ্লিষ্ট সমিতির কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল পূর্বক সমিতির কর্তৃপক্ষের নিকট হতে তারিখসহ প্রাপ্ত স্বীকার পত্র গ্রহণ করে জেলা সমবায় কার্যালয়ে দাখিল করতে হবে।
- ৩। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ ও সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুসরণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ২৩/০২/১৫ তারিখের ৪২ ও ৪৩ নং সার্কুলারের বিষয়সমূহ আবশ্যিকভাবে নিরীক্ষা প্রতিবেদনে অর্ন্তভুক্ত করতে হবে।
- ৪। প্রত্যেক অডিট অফিসারকে প্রতিমাসে অডিট সম্পাদনের ব্যক্তিগত রিটার্ন আবশ্যিকভাবে দাখিল করতে হবে।
- ৫। অডিট অফিসারগণ হিসাব বিবরণী পুংখানুপুংখ পরীক্ষার মাধ্যমে সকল বিধি বহির্ভূত বিষয় ও হিসাবের কারচুপি, জালিয়াতি, আত্মসাতের মত ঘটনাবলীর উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের কোন ঘটনা উদঘাটিত হওয়া মাত্র তাৎক্ষণিকভাবে নিবন্ধকের বরাবর বিশেষ প্রতিবেদন দাখিল করবেন।

৬। নিরীক্ষা প্রতিবেদনে কোন প্রকার মিথ্যা ও ভূয়া তথ্য পরিবেশন করলে অডিট অফিসারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। অডিট বরাদ্দ প্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী অন্যত্র বদলী হলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা/কর্মচারী উক্ত সমিতির অডিট কার্য সম্পাদন করবেন।

৮। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী মহোদয়ের ৩১/৫/২০১৬খ্রি. তারিখের ১৮৭৬(৮) নম্বর স্মারক এবং ০৮/০৬/২০২২খ্রি. তারিখের ৯৫৭(৮) নম্বর স্মারকে উল্লেখিত বিষয়সমূহ ও নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতঃ অডিট প্রতিবেদনে তথ্য সন্নিবেশন করতে হবে।

৯। প্রেরিত ও সরবরাহকৃত ডাটা ফরম সমিতির আইডি নম্বর যাচাই অন্তে সঠিকভাবে পূরণ করে আবশ্যিকভাবে অডিট প্রতিবেদনের সহিত দাখিল করতে হবে।



১-৮-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা
ফোন: ০৭৪১-৬২৫০৬
ইমেইল:

dco_naogaon@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৬৪০০.০০০.৩২.২৭২.১৩.৪৯১/১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

১) সভাপতি/সম্পাদক, বিপ্লবপুর চকশৈল্য বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-১৮৯, তারিখ: ২৮/০২/২০১১, গ্রাম: চকশৈল্য বাজার, ডাক: চক শৈল্যাহ, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ। অডিট কার্যে প্রয়োজনীয় সহযোগিতার জন্য বলা হলো।

২) জনাব মোঃ জাহিদ কাদের, মোঃ নুরুজ্জামান, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী। তাঁকে বরাদ্দকৃত সমিতির অডিট নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করে অডিট প্রতিবেদন যথাস্থানে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

৩) উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, মান্দা, নওগাঁ

৪) উপজেলা সমবায় অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।

৫) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী



১-৮-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা